



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১০৬/২২

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মে ২০২২ খ্রিস্টাব্দ

শ্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর একজন পলাতক আসামী শ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ২৯/০৫/২০২২ খ্রি. দুপুর ০১.৩০ ঘটিকার সময় সিদ্ধিরগঞ্জ, আটি হাউজিং এলাকায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর একজন পলাতক আসামীকে শ্রেফতার করেছে। শ্রেফতারকৃত আসামীর নাম: হাফেজ মো. তরিকুল ইসলাম @রকিবুল (২৬), পিতা- মাওলানা ইসমাইল @ইসমাইল, গ্রাম- জালিরচর, থানা- মেহেন্দীগঞ্জ, জেলা- বরিশাল।

শ্রেফতারকৃত আসামী মো. তরিকুল ইসলাম @রকিবুল নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর সক্রিয় সদস্য থাকা অবস্থায় ২০১৬ সালে শ্রেফতার হয়। ধৃত আসামী পরবর্তীতে জামিনে বের হয় এবং পলাতক হয়ে দীর্ঘদিন রাজধানীর বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিল। সে ২০২০ সালের সেপ্টেম্বর মাসে উত্তরা ১৪ নং সেক্টরের একটি মসজিদে ইমামতি করে এবং ২০২১ সালের আগস্ট মাসে সিদ্ধিরগঞ্জ, আটি হাউজিং এলাকায় একটি মহিলা মাদ্রাসায় শিক্ষকতা পেশায় নিয়োজিত ছিল।

শ্রেফতারকৃত আসামী মোঃ তরিকুল ইসলাম @রকিবুল'কে জিআর নং-১০৮/১৬, সন্ত্রাস বিরোধী আইনের মামলা নং-১৫০/১৮ এবং ডেমরা থানার মামলা নং-১২, তারিখ-১৮/০৫/১৬ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯/১৩ ধারায় বিজ্ঞ আদালতে সোপর্দ করার কাজ প্রক্রিয়াধীন।

Abu

২৯/০৫/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd